



স্মারক নং-০৫.৪২.১২৯০.০০২.৯৯.১৬৬.২১-

৪৪(১৩)

তারিখ : ১৬/০১/২০২২ খ্রি.


### করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জনসচেতনামূলক নোটিশ :

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস জনিত রোগ ( কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী/ চলাচলে সরকার নির্দেশিত নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করা বাধ্যজনীয়।

- ০১। দোকান, বাজার/ শপিংমল, মসজিদ, বাসস্ট্যান্ড, বাজারে ক্রেতা বিক্রেতা এবং হোটেল-রেস্তোরাঁসহ সকল জনসমাগম স্থলে মাস্ক পরিধান করে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।
- ০২। প্রতিষ্ঠানিক পর্যায়ে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে “নো মাস্ক নো সার্ভিস” নীতি কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে। অর্থাৎ মাস্ক পরিধান ছাড়া কাউকে কোন রকম সেবা প্রদান করা হবে না।
- ০৩। মসজিদে স্বাস্থ্যবিধি অনুসরণ ও মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে এবং জুমার নামাজের খুতবায় ও অন্যান্য নামাজের সময়ে ইমামগণ কর্তৃক সচেতনতামূলক বক্তব্য প্রদান করতে হবে।
- ০৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সরকার কর্তৃক আরোপিত বিধি নিষেধ মোতাবেক উন্মুক্ত স্থানে সকল প্রকার সামাজিক/ধর্মীয় ও রাজনৈতিক অনুষ্ঠান, সভা-সমাবেশসহ যে কোন প্রকার গণজামায়েত বন্ধ থাকবে।
- ০৫। হোটেল-রেস্তোরাঁসহ যে কোন ধরনের মিলনায়তনের আসন সংখ্যা ধারণ ক্ষমতার অর্ধেক হবে। এ সকল ক্ষেত্রে পণ্য বিক্রয়/ সেবা প্রদানের ক্ষেত্রে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মানা বাধ্যতামূলক।
- ০৬। মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে প্রতিদিন নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। সবার মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- ০৭। গণপরিবহণে ধারণ ক্ষমতার অর্ধেক যাত্রী নিয়ে চলাচল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৮। করোনা ভ্যাকসিনেশন এর আওতাভুক্ত সকল নাগরিককে আবশ্যিকভাবে করোনা ভ্যাকসিন গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাসিরনগর এর সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। স্কুল ভ্যাকসিনেশন কার্যক্রমের আওতায় অত্র উপজেলার সকল শিক্ষার্থীর ভ্যাকসিন গ্রহণ সম্পন্ন করতে হবে।
- ১০। ১২ বছরের উপরে কওমী মাদ্রাসার সকল শিক্ষার্থীকে টিকা গ্রহণ করতে হবে।
- ১১। এছাড়াও করোনা ভাইরাস প্রতিরোধে ওয়ার্ড, ইউনিয়ন কমিটির ও স্বেচ্ছাসেবক কমিটির সদস্যগণকে সক্রিয়ভাবে কাজ করার নির্দেশ প্রদান করা হয়েছে।

যেকোন বিষয়ে উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভাপতি (উপজেলা নির্বাহী অফিসার) ও কমিটির সদস্য সচিব (উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

“ আসুন সকলে মাস্ক পরি  
করোনা প্রতিরোধ করি”।

আদেশক্রমে,  
  
১৬/০১/২০২২  
(হালিমা খাতুন)  
উপজেলা নির্বাহী অফিসার  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া

০১। চেয়ারম্যান,-----ইউনিয়ন পরিষদ (সকল), নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।( বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নে মাইকিং করে  
বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। )